গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-২৪(মাদরাসা-২)
www.moedu.gov.bd

নং-শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮(অংশ)/২৭৪ তারিখঃ ২৫ ভাদ্র ১৪২২ / ০৯ সেপ্টেম্বর ২০১৫

বিষয়ঃ মাদরাসা শিক্ষা অধিদপ্তরের জন্য কর্মপরিধি নির্ধারণ।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গত ০১/০৬/২০১৫ তারিখে স্মারক নং-শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮-১৬৩ এর প্রজ্ঞাপনের মাধ্যমে প্রতিষ্ঠিত মাদরাসা শিক্ষা অধিদপ্তরের কর্মপরিধি নিম্নরূপভাবে নির্ধারণ করা হলোঃ

১। মাদরাসা শিক্ষা সংক্রান্ত সরকারের নীতি বাস্তবায়ন করা।
২। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক মাদরাসা শিক্ষা সংক্রান্ত সকল উপদেশ ও পরামর্শ অনুযায়ী ব্যবস্থা নেয়া।
৩। সরকারি/বেসরকারি মাদরাসা প্রতিষ্ঠানের আদর্শ, মান সুনিশ্চিতকরণের কৌশল নির্ধারণ ও তা প্রয়োগ করা।
৪। মাদরাসা শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রশাসনিক, আর্থিক ও একাডেমিক কর্মকান্ড তত্ত্বাবধান করা।
৫। অর্গানোগ্রাম মোতাবেক মাদরাসা শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠান/ শিক্ষা প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ/বদলী/পদোন্নতি ও চাকুরী সংক্রান্ত কার্যক্রম।
৬। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠান/মাদরাসা শিক্ষা প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীদের টাইম স্কেল, সিলেকশন গ্রেড ও উচ্চতর স্কেল প্রদান/দক্ষতা সীমা অতিক্রমের অনুমতি ও অগ্রীম বর্ধিত বেতন মঞ্জুরী।
৭। মাদরাসা শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠান/মাদরাসা শিক্ষা প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীদের বিভিন্ন প্রকার ছুটি মঞ্জুর/বিদেশ ভ্রমণ/প্রশিক্ষণ সংক্রান্ত যাবতীয় বিষয়াদির প্রক্রিয়া সম্পন্ন করা।
৮। মাদরাসা শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠান/মাদরাসা শিক্ষা প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীদের শৃঙ্খলা মূলক কার্যক্রম।
৯। মাদরাসা শিক্ষা অধিদপ্তর ও অধিনস্ত মাদরাসা শিক্ষা প্রতিষ্ঠানের বাজেট প্রণয়ন ও আয় ব্যয়ের হিসাব সংরক্ষণ।
১০। মাদরাসা শিক্ষা অধিদপ্তর ও অধিনস্ত মাদরাসা শিক্ষা প্রতিষ্ঠানের অডিট সংক্রান্ত কার্যাবলী নিস্পত্তিকরণ।
১১। বেসরকারি মাদরাসা এমপিওভুক্তকরণ।
১২। বেসরকারি মাদরাসার শিক্ষক কর্মচারী এমপিওভুক্তকরণ।
১৩। বেসরকারি মাদরাসার গভির্ণিং বডিতে সদস্য মনোনয়ন সংক্রান্ত।
১৪। মাদরাসা সংক্রান্ত উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও এর বাস্তবায়ন অগ্রগতি তত্ত্বাবধান।
১৫। সকল প্রকার মাদরাসা প্রশাসনিক তত্ত্বাবধান।
১৬। ফাযিল ও কামিল মাদরাসায় বিদ্যোৎসাহী সদস্যপদে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন দান।
১৭। সকল প্রকার পাবলিক পরীক্ষা অনুষ্ঠানে প্রযোজ্য ক্ষেত্রে দায়িত্ব পালন।
১৮। নিয়মিত মাদরাসা পরিদর্শন ও প্রতিবেদন প্রেরন।
১৯। মাদরাসা শিক্ষা কার্যক্রম তদারক।
২০। মাদরাসা আইন শৃঙ্খলা পরিস্থিতি মূল্যায়ণ।
২১। উচ্চ শিক্ষা ও গবেষনা কর্মে নিয়োজিত প্রতিষ্ঠানসমূহের সাথে কাজের সমন্বয় করা।
২২। সরকারি বিভিন্ন দপ্তরের সাথে যোগাযোগ রক্ষা করা।
২৩। সরকার কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা।
২৪। গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষেত্রে মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ করা।
২৫। সকল গুরুত্বপূর্ণ কাজের রিপোর্ট নিয়মিত মন্ত্রণালয়ে প্রেরণ করা।

স্বাক্ষরিত/-
(মোঃ ওয়াদুদ হোসেন)
উপ-সচিব (মাদ্রাসা)
ফোন নম্বরঃ ৯৫৪৯৩৯৬ (অনুরোধে)

মহাপরিচালক,
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, কাকরাইল, ঢাকা।

নং-শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮(অংশ)/২৭৪/১(২৭) তারিখঃ ২৫ ভাদ্র ১৪২২ / ০৯ সেপ্টেম্বর ২০১৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে(জ্যেষ্ঠতাক্রমানুসারে নয়)ঃ

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ/উন্নয়ন/মাদরাসা/বিশ্ববিদ্যালয়/কারিগরি/মাধ্যমিক), সচিব শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্ম-সচিব (প্রশাসন/অডিট ও আইন/কলেজ/কারিগরি/ মাধ্যমিক (১-২), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৪। মহাপরিচারক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, শেরে বাংলা নগর, ঢাকা।
৫। যুগ্ম-প্রধান (পরিকল্পনা), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। মাননীয় মন্ত্রী একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম), ধানমন্ডি, ঢাকা।
৮। মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউট, ১/ক সেগুন বাগিচা, ঢাকা-১০০০।
৯। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
১০। চেয়ারম্যান, বেসরকারী শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), নায়েম ক্যাম্পাস,ঢাকা।
১১। সচিব, বাংলাদেশ বিশ্বদ্যিালয় মঞ্জুরী কমিশন, ইউজিসি ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
১২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বখশিবাজার, ঢাকা।
১৩। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রমে ও পাঠ্যপুস্তক বোর্ড(এনসিটিবি), মতিঝিল, ঢাকা।
১৪। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/ রাজশাহী/ চট্টগ্রাম/ কুমিল্লা/ যশোর/ সিলেট/ দিনাজপুর/ বরিশাল।
১৫। উপ-সচিব (সকল), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। উপ-প্রধান (পরিকল্পনা-১/২), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। আইন কর্মকর্তা (উপ-সচিব), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮। পরিচালক, বাংলাদেশ শিক্ষতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী-নীলক্ষেত, ঢাকা।
১৯। সচিব, বাংলাদেশ ইউনেস্কো কমিশন (বি.এন.সি.ইউ),পলাশী-নীলক্ষেত, ঢাকা।
২০। পরিচালক, পরিদর্শন ও নীরিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২১। পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (এনএটিসিআর) (সাবেক নট্রামস),বগুড়া।
২২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
২৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪। সিনিয়র সহকরী সচিব/সহকারী সচিব (সকল), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তাকে শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইট-এ প্রকাশের অনুরোধসহ)।
২৬। অডিট কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭। গবেষণা কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৮। হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৯। অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ ওয়াদুদ হোসেন)
উপ-সচিব (মাদ্রাসা)